# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

সচিবালয়

ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

ফোনঃ ৮৮-০২-৯৫৫৫১৩৩
ফ্যাক্সঃ ৮৮-০২-৯৫৫১০৭৩

Phone: 88-02-9555133
Fax: 88-02-9551073


স্মারকনং- ৩৫৮ পাউবো (সচি)/বোর্ড-২(পূর্ব রিজিয়ন) তারিখঃ ২৪-১২-২০১৮ খ্রিঃ।

## সার্কুলার

" ৬৪টি জেলার অভ্যন্তরস্থ ছোটনদী, খাল এবং জলাশয় পুনঃখনন প্রকল্প (১ম পর্যায়)" শীর্ষক প্রকল্পের ডিপিপি প্রক্রিয়াকরণকালীন সময়ে গত ০৮/১০/২০১৮ খ্রিঃ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে এ প্রকল্পের ডিপিপি এর ওপর যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়। প্রকল্পটি অপেক্ষাকৃত বড় আকারের ও সারাদেশব্যাপী পরিব্যপ্ত হওয়ায় কেন্দ্রীয়ভাবে বাপাউবোর সংশ্লিষ্ট ডিজাইন দপ্তর হতে ডিজাইন প্রণয়ন ও অনুমোদন করতে হলে অনেক সময়ের প্রয়োজন হবে বিধায় প্রকল্পের কাজ সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে মাঠ দপ্তরের সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী তাঁর এলাকার (Jurisdiction) কাজের ডিজাইন অনুমোদন করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। উপর্যুক্ত সিদ্ধান্তের আলোকে মাঠ দপ্তরের সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী কর্তৃক ডিজাইন অনুমোদনের বিষয়টি প্রকল্পের ডিপিপিতে সন্নিবেশিত করা হয়েছে।

২। উপর্যুক্ত অবস্থার প্রেক্ষিতে কেবলমাত্র আলোচ্য প্রকল্পের ক্ষেত্রে ডিপিপি প্রক্রিয়াকরণকালীন সময়ে ইতোপূর্বে মাঠ পর্যায়ের নির্বাহী প্রকৌশলীর দপ্তর কর্তৃক প্রস্তাবিত ডিজাইন সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী কর্তৃক সংশোধনসহ অনুমোদনের ক্ষমতা এবং কাজ বাস্তবায়নকালীন সময়ে ডিজাইন পুনঃপ্রস্তুত ও সংশোধনীর প্রয়োজন হলে প্রকল্প পরিচালকের যাচাই/সুপারিশক্রমে উহা মাঠ দপ্তরের সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলীকে (প্রযোজ্য ক্ষেত্রে) এতদ্বারা অনুমোদনের ক্ষমতা প্রদান করা হলো। তাছাড়া যে সমস্ত কাজের ডিজাইন বাপাউবোর সংশ্লিষ্ট ডিজাইন দপ্তর হতে অনুমোদিত হয়েছে, সেগুলোও এ প্রকল্পের জন্য কার্যকরী হবে।

৩। এ আদেশ মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে জারী করা হলো।

২৪/১২/২০১৮ খ্রিঃ।
(আব্দুল খালেক)
সচিব
বাপাউবো, ঢাকা।
secretary@bwdb.gov.bd

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

স্মারকনং- ৩৫৮ পাউবো (সচি)/ বোর্ড-২(পূর্ব রিজিয়ন) তারিখ ঃ ২৪-১২-২০18 খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। প্রধান প্রকৌশলী/অতিঃপ্রধান প্রকৌশলী/প্রধান ..................................বাপাউবো,..................।
২। প্রকল্প পরিচালক ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মনিটরিং সার্কেল, কাবিখা, বাপাউবো, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডিজাইন সার্কেল-১/২/৪/৫/৬, বাপাউবো, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প ও র/পানি উন্নয়ন সার্কেল/পরিচালক, বাপাউবো, ............................ (সকল)।
৫। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা (মহাপচিালক, বাপাউবো মহোদয়ের সদয় অবগতিতে আনার অনুরোধসহ)।
৬। সিস্টেম এনালিষ্ট, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা।(দপ্তরাদেশটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
৭। নির্বাহী প্রকৌশলী, প ও র/পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ..................................... (সকল)।
৮। উপ-পরিচালক/ হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, ..............................বাপাউবো,.......................।
৯। ব্যক্তিগত সহকারী, অতিঃমহাপরিচালক (প্রশাসন/অর্থ/পশ্চিম রিজিয়ন/পূর্ব রিজিয়ন/পরিকল্পনা/সচিব), বাপাউবো, ঢাকা।
১০। অফিস কপি/মাষ্টার কপি।

২৪/১২/২০১৮ খ্রিঃ।
(সৈয়দ মাহবুবুল হক)
উপ-সচিব (বোর্ড)
বাপাউবো, ঢাকা।

C:\Users\user\Documents\Rescue1.asd